



কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নয়ন প্রকল্প  
কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

**সম্ভাব্য ভারী বৃষ্টিপাত ও বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ**

(সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, নেত্রকোনা, রংপুর, কুড়িগ্রাম ও লালমনিরহাট জেলার জন্য)

প্রকাশের তারিখ: ১৯/০৬/২০২৪

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের তথ্য অনুযায়ী আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় দেশের উত্তর পূর্বাঞ্চল, উত্তরাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এসময় উত্তরাঞ্চলের দুধকুমার, তিস্তা ও ধরলা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে এবং কুড়িগ্রাম, লালমনিরহাট ও রংপুর জেলার কতিপয় নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে। নেত্রকোনা, সিলেট ও সুনামগঞ্জ জেলার বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে এবং মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে।

এমতাবস্থায় ভারী বৃষ্টিপাত ও বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দন্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। বন্যা কবলিত হওয়ার আগেই দ্রুত পরিপক্ব সবজি সংগ্রহ করে ফেলুন।
- ২। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন ধানের জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৩। জমির আইল উঁচু করে দিন।
- ৪। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
- ৫। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- ৬। কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৭। গবাদি পশু ও হাঁসমুরগী উঁচু জায়গায় রাখুন।
- ৮। পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।

(ড. মো: শাহ কামাল খান)

প্রকল্প পরিচালক

যোগাযোগ নম্বর: ০১৭১২১৮৪২৭৪

ইমেইল: kamalmoa@gmail.com